

B.A.6th Semester (General) Examination, 2020 (CBCS)

বাংলা (জেনারেল)

Course – DSE 1B

দক্ষিণ প্রান্তস্থ মান পূর্ণমানের নির্দেশক
যথা সম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময় –তিন ঘণ্টা

পূর্ণ মান -৬০

উত্তরপত্র সর্বাধিক পনেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও ।

৬X৫=৩০

- (ক) প্রহসন রচনায় মধুসূদন দত্তের দক্ষতার পরিচয় দাও ।
- (খ) অনুবাদ নাটক রচনায় হরচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো ।
- (গ) বাংলা নাট্যসাহিত্যে রামনারায়ণ তর্করত্নের স্থান নিরূপণ করো।
- (ঘ) বাংলা নাট্যসাহিত্যে দীনবন্ধু মিত্রের স্থান স্থায়ী কেন?
- (ঙ) বাংলা নাট্যসাহিত্যে উপেন্দ্রনাথ দাসের গুরুত্ব আলোচনা করো ।
- (চ) নাট্য নিয়ন্ত্রণ আইন কী? বাংলা নাট্যসাহিত্যে এর প্রভাব কেমন হয়েছিল তা অল্প কথায় লেখো।
- (ছ) ইতিহাসকেন্দ্রিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্বের পরিমাপ করো ।
- (জ) মনোমোহন বসু বাংলা নাটকের আলোচনায় গুরুত্বপূর্ণ কেন এ বিষয়ে তোমার মত দাও ।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ।

৩ X ১০ =৩০

- (ক) সূচনাকাল থেকে মধুসূদন দত্ত পর্যন্ত বাংলা নাটকের ইতিহাসটি অল্প কথায় লেখো ।
- (খ) মধুসূদন দত্ত থেকেই প্রকৃত পক্ষে বাংলা নাটকের সূচনা - মতটি বিশ্লেষণ করো ।
- (গ) সাধারণ নাট্যশালা বলতে কী বোঝ? বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে সাধারণ নাট্যশালার গুরুত্ব আলোচনা করো ।
- (ঘ) পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান বিশ্লেষণ করো ।
- (ঙ) ঐতিহাসিক নাটক রচনায় জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের অবদান আলোচনা করো ।

অথবা

১। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৬ X ৫=৩০

- (ক) বাংলা প্রবন্ধ রচনায় রামমোহন রায়ের গৃহীত গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।
- (খ) বাংলা প্রবন্ধ রচনায় কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।
- (গ) বিজ্ঞান বিষয়ক প্রবন্ধ রচনায় ভূদেব মুখোপাধ্যায়ের অবদান আলোচনা করো।
- (ঘ) প্রবন্ধ সাহিত্যে দেবেন্দ্রনাথ ঠাকুরের স্থান নিরূপণ করো।
- (ঙ) প্রবন্ধ কাকে বলে? প্রবন্ধের সঙ্গে রচনার পার্থক্য লেখো।
- (চ) উনিশ শতকের একজন মহিলা প্রাবন্ধিকের নাম উল্লেখ করো। প্রবন্ধ রচনায় উক্ত ব্যক্তিত্বের কৃতিত্ব আলোচনা করো।
- (ছ) 'কমলাকান্তের দপ্তর' কার রচনা? গ্রন্থটির বিশেষত্ব আলোচনা করো।
- (জ) বিধবাবিবাহ কেন্দ্রিক বিদ্যাসাগরের দুটি তর্কমূলক রচনায় নাম লেখো। ঐ শ্রেণির রচনায় লেখকের দক্ষতার পরিচয় দাও।

২। নিচের প্রশ্নগুলি থেকে যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

৩ X ১০=৩০

- (ক) বাংলা প্রবন্ধসাহিত্যে অক্ষয়কুমার দত্তের অবদান নিজের ভাষায় লেখো।
- (খ) বাংলা প্রবন্ধ রচনায় বিদ্যাসাগরের ভাষারীতির পরিচয় দাও।
- (গ) বাংলা প্রবন্ধসাহিত্যে হরপ্রসাদ শাস্ত্রীর স্থান নিরূপণ করো।
- (ঘ) অক্ষয়কুমার দত্তের পূর্ব-পর্যন্ত বাংলা প্রবন্ধ সাহিত্যের ধারাবাহিক ইতিহাসটি লেখো।
- (ঙ) ইতিহাস বিষয়ক প্রবন্ধ রচনায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের কৃতিত্ব আলোচনা করো।